

💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৭৫৪

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند على بن أبي طالب)

আরবী

حَدَّثَنَا يَزِيدُ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ، عَنْ عَبْدِ اللهِ بْنِ يَسَارٍ، أَنَّ عَمْرَو بْنَ حُرَيْثٍ، عَادَ الْحَسَنَ بْنَ عَلِيِّ، فَقَالَ لَهُ عَلِيِّ: أَتَعُودُ الْحَسَنَ وَفِي نَفْسِكَ مَا فِيهَا؟ فَقَالَ لَهُ عَمْرُو: إِنَّكَ لَسْتَ بِرَبِّي فَتَصْرِفَ قَلْبِي حَيْثُ شِئْتَ. قَالَ عَلِيِّ: أَمَا إِنَّ ذَلِكَ لَا يَمْنَعُنَا أَنْ نُوَّدِيَ إِلَيْكَ النَّصِيحَةَ، سَمِعْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: مَا لَا يَمْنَعُنَا أَنْ نُوَّدِيَ إِلَيْكَ النَّصِيحَةَ، سَمِعْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: مَا مِنْ مُسْلِمٍ عَادَ أَخَاهُ إِلا ابْتَعَتَ اللهُ لَهُ سَبْعِينَ أَلْفَ مَلَك يُصَلُّونَ عَلَيْهِ مِنْ أَيِّ سَاعَاتِ اللَّيْلِ كَانَ حَتَّى يُصِبْحَ " النَّهَارِ، كَانَ حَتَّى يُصْبِحَ " النَّهَارِ، كَانَ حَتَّى يُصْبِحَ " اللهُ لَكَانَ حَتَّى يُصِبْحَ " اللهُ لَكُ عَمْرٌو: كَيْفَ تَقُولُ فِي الْمَشْي مَعَ الْجَنَازَةِ: بَيْنَ يَدَيْهَا أَوْ خَلْفَهَا؟ فَقَالَ عَلِيِّ: " إِنَّ قَالَ عَلِيٍّ: " إِنَّ فَضْلُ الْمَشْي خَلْفَهَا عَلَى بَيْنِ يَدَيْهَا، كَفَضْلُ صَلَاةِ الْمَكْتُوبَةِ فِي جَمَاعَةٍ عَلَى الْوَحْدَةِ . قَالَ عَمْرٌو: فَإِنِّي رَأَيْتُ أَبًا بَكْرٍ وَعُمْرَ يَمْشِيَانِ أَمَامَ الْجِنَازَةِ. قَالَ عَلِيِّ: إِنَّهُمَا كَرِهَا أَنْ عُمْرُو: فَإِنِّي رَأَيْتُ أَبَا بَكْرٍ وَعُمْرَ يَمْشِيَانِ أَمَامَ الْجِنَازَةِ. قَالَ عَلِيِّ: إِنَّهُمَا كَرِهَا أَنْ يُحْرِجَا النَّاسَ

حسن لغيره، وهذا إسناد ضعيف لجهالة عبد الله بن يسار وهو أبو همام الكوفي.، وانظر رقم (955)

বাংলা

৭৫৪। আমর বিন হুরাইছ অসুস্থ হাসান বিন আলী (রাঃ)-কে দেখতে এলেন। আলী (রাঃ) বললেনঃ আপনার মনে যা আছে, তা সত্ত্বেও হাসানকে দেখতে এলেন? আমর বললেনঃ আপনি তো আমার প্রতিপালক নন যে, আমার মনকে যেদিকে ইচ্ছা সরিয়ে দেবেন। আলী (রাঃ) বললেনঃ শুনুন, মনে যাই থাক, তা আমাদেরকে পরস্পরের শুভাকাঙ্খী হতে বাধা দেয় না। আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ কোন মুসলিম



তার অসুস্থ মুসলিম ভাইকে দেখতে গেলে আল্লাহ তার জন্য সত্তর হাজার ফেরেশতা পাঠান, যারা তার জন্য দিনের যে কোন সময় থেকে সকাল পর্যন্ত তার জন্য দু'আ করতে থাকে। আমর তাঁকে বললেনঃ মৃত ব্যক্তির সাথে চলা সম্পর্কে কী বলেন? সামনে চলা উচিত না পেছনে চলা উচিত? আলী (রাঃ) বললেনঃ যারা পেছনে চলে, সামনে চলা লোকদের ওপর তাদের শ্রেষ্ঠত্ব তেমনি, যেমন জামায়াতে ফর্য নামায় পড়া একাকী পড়ার চেয়ে শ্রেষ্ঠ। আমর বললেনঃ আমি আবু বাকর (রাঃ) ও উমর (রাঃ)-কে মৃত ব্যক্তির আগে চলতে দেখেছি। আলী (রাঃ) বললেনঃ তারা মানুষকে অসুবিধায় ফেলা অপছন্দ করতেন।

[হাদীস নং ৯৫৫ দ্রম্ভব্য]

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন